

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

www.bb.org.bd

এফই সার্কুলার নং- ০৭

চৈত্র ২০, ১৪২২

তারিখ : -----

এপ্রিল ০৩, ২০১৬

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

আলু রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদান প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং- ০১, তারিখ- জানুয়ারি ২৮, ২০০৪ এবং আলু রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদান বিষয়ে পরবর্তীতে জারিকৃত সকল এফই সার্কুলার/সার্কুলারপত্রের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।


০২। সরকারী সিদ্ধান্ত অনুযায়ী আলু রপ্তানির বিপরীতে নগদ সহায়তার আবেদনপত্রের সাথে প্রযোজ্য দলিলাদিসহ বাংলাদেশ পটেটো এক্সপোর্টার্স এসোসিয়েশনের প্রত্যয়ন সনদপত্র (সংযোজনী-ক) দাখিল করতে হবে। আলোচ্য সার্কুলার জারির তারিখ হতে জাহাজীকরণের ক্ষেত্রে এ নির্দেশনা প্রযোজ্য হবে।

০৩। আলু রপ্তানির ক্ষেত্রে সকল এফই সার্কুলার/সার্কুলারপত্রের প্রযোজ্য নির্দেশনাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

সংযোজনী : বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৫০

বাংলাদেশ পটেটো এক্সপোর্টার্স এসোসিয়েশন প্রদেয় প্রত্যয়ন সনদপত্র

আলু রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রাপ্তির প্রত্যয়ন সনদপত্র।

- ১। আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :
- ২। রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র এর নম্বর : তারিখ : মূল্য :
- ৩। বিদেশী ক্রেতার নাম ও ঠিকানা :
- ৪। বিদেশী ক্রেতার ব্যাংকের নাম ও ঠিকানা :
- ৫। (ক) ইনভয়েস নম্বর : তারিখ :
(খ) ইনভয়েসে উল্লিখিত পণ্যের পরিমাণ : মূল্য :
- ৬। রপ্তানিকৃত আলুর সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) :
পরিমাণ : মূল্য :
- ৭। রপ্তানি পণ্যের বিবরণ : পরিমাণ : মূল্য :
- ৮। জাহাজীকরণের তারিখ : গন্তব্য বন্দর :
- ৯। ইএক্সপি নম্বর : মূল্য : তারিখ :
- ১০। মোট প্রত্যাবাসিত রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়) :
- ১১। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের সনদপত্র নম্বর : তারিখ :
- ১২। নীট এফওবি রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়) :

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, স্থানীয়ভাবে উৎপাদিত আলু উপরোক্ত ৬ নং ক্রমিকে বর্ণিত সূত্র হতে সংগ্রহের মাধ্যমে রপ্তানির বিপরীতে নগদ সহায়তার জন্য উপরোক্ত অনুচ্ছেদগুলোতে উল্লিখিত বক্তব্য সঠিক ও নির্ভুল। বিদেশী ক্রেতা/আমদানিকারকের ক্রয়াদেশের যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হলো।

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

রপ্তানিকারকের উপরোক্ত ঘোষণাগুলোর যথার্থতা যাচাইয়াস্তে সঠিক পাওয়া গিয়েছে। ৬ নং ক্রমিকে উল্লিখিত ঘোষিত রপ্তানিমূল্য যৌক্তিক ও বিদ্যমান আন্তর্জাতিক বাজার মূল্যের সঙ্গে সংগতিপূর্ণ পাওয়া গিয়েছে এবং বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত হওয়া গিয়েছে। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের (নীট এফওবি মূল্য) ওপর নগদ সহায়তা পরিশোধের সুপারিশ করা হলো।

বাংলাদেশ পটেটো এক্সপোর্টার্স এসোসিয়েশন এর দুইজন কর্মকর্তার
স্বাক্ষর, তারিখ ও সীল

[কোন প্রকার ঘষামাজা, কাটা ছেড়া বা সংশোধন করা হলে এ প্রত্যয়নপত্র বাতিল বলে গণ্য হবে।]